

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
www.kkcp.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০২.০৮২.২৩- ৫৮৭

তারিখঃ ১৪/১২/২০২৩খ্রিঃ

বিষয়ঃ “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের ক্লাবের দপ্তরীদের অক্টোবর/২৩ মাসের সম্মানী প্রদানের মাস্টাররোল প্রেরণ  
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের প্রত্যেকটি ক্লাবে নিয়মিত সহযোগিতা দেয়ার নিমিত্তে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ১ (এক) জন দপ্তরী/অফিস সহায়ক-কে অতিরিক্ত দায়িত্ব পালন করার জন্য গত ৩১-১০-২০২৩ ইং তারিখের স্মারক নং ৩২.০১.০০০০.০০৩.০২.০৮২.২৩-৩৯১ অনুযায়ী সম্মানী বাবদ ক্লাব প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা করে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলা/উপজেলা) বরাবর আইবাস কোডে প্রেরণ করা হয়। উক্ত সম্মানী দ্রুত প্রদান করে তার মাস্টাররোল (দপ্তরী/অফিস সহায়কের নাম, পিতার নাম, দায়িত্বাধীন বিদ্যালয়ের নাম, ইউনিয়ন/পৌরসভার নাম ও মোবাইল নাম্বারসহ) প্রকল্প পরিচালক বরাবর আগামী ২৮ই ডিসেম্বর/২০২৩ইং তারিখের মধ্যে ডাকযোগে/বিশেষ বাহক মারফত প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণঃ

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর। (সকল)
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। (সকল)

মোঃ ইকবাল হোসেন  
যুগ্মসচিব

ও  
প্রকল্প পরিচালক (অঃদাঃ)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল জেলা)
৩. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা)
৪. সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. ফিল্ড সুপারভাইজরগণ, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)।
৬. জেন্ডার প্রমোটারগণ, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল উপজেলা)।
৭. অফিস কপি।